বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ
প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিকস্ সাপোর্ট পরিদপ্তর
স্থানীয় ক্রয় শাখা

সূত্রঃ ঢাকপিএল/তালিকাভুক্তি/২০২০ তারিখঃ০২/১০/২০১৯খৃঃ

বিষয়ঃ তালিকাভুক্তির সিডিউল।

- তালিকাভুক্তির ফি: প্রতি সেট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য)।
- সি.আর. নম্বর: ______________________ তারিখ: _____________
- স্বাক্ষর: ___________________________ ষ্টাফ নম্বর: __________________
- সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ: ২৩/১০/২০১৯খৃ: (অফিস চলাকালীন সময় পর্যন্ত)।
- দরপত্র জমা প্রদানের তারিখ ও সময়: ২৪/১০/২০১৯খৃ: সকাল ০৯০০ ঘটিকা হতে সকাল ১১০০ ঘটিকা (স্থানীয় সময়) পর্যন্ত।
- দরপত্র খোলার তারিখ ও সময়: ২৪/১০/২০১৯খৃ: দুপুর ১৪০০ ঘটিকা (স্থানীয় সময়)।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ কর্তৃক ১লা জানুয়ারী'২০২০খৃঃ হইতে ৩১শে ডিসেম্বর'২০২০খৃঃ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত মূল্যে মালামাল (টায়ার, ব্যাটারী, কম্পিউটার ও তৎসংশ্লিষ্ট দ্রব্যাদি ব্যতীত) যখন যাহা প্রয়োজন ভিত্তিতে সরবরাহের জন্য সরবরাহকারী তালিকাভুক্তিকরণের লক্ষ্যে প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার/প্রস্তুতকারক/মজুদদার/পরিবেশক/আমদানীকারকদের নিকট হতে অত্র সিডিউল বর্ণিত বিবরণ, শর্ত ও নিয়মাবলী মোতাবেক নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী (সফল তালিকাভুক্ত সরবরাহকারীদের জন্য প্রযোজ্য):-

০১। দরপত্রের মেয়াদ দরপত্র খোলার তারিখ হতে ১২০ দিন বৈধ থাকতে হবে।

০২। দরপত্রে প্রতিটি আইটেমের একক মূল্য ও মোট মূল্য অংকে এবং কথায় স্পষ্টাক্ষরে লিখতে হবে। দর বা মূল্য কাটাকাটি/ঘষামাজা থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। দরপত্র খামের উপর টেন্ডার নম্বর, প্রাপক ও দরদাতার পূর্ণ ঠিকানা E-mail Address সহ অবশ্যই লেখা থাকতে হবে।

০৪। সীলগালাকৃত দরপত্র মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট), প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিকস্ সাপোর্ট পরিদপ্তর, বিমান, হযরত শাহজালাল আন্তঃর্জাতিক বিমানবন্দর, ঢাকা এর বরাবরে স্থানীয় ক্রয় শাখায় রক্ষিত টেন্ডার বাক্সে নির্দিষ্ট তারিখে বেলা ১১০০ ঘটিকার মধ্যে (স্থানীয় সময়) ফেলতে হবে এবং ঐ দিনই বেলা ১১৩০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০৫। নমুনা চাওয়া হলে অবশ্যই নমুনা প্রদান করতে হবে। কোন কারণে নমুনা বাক্সে ফেলা না গেলে নির্ধারিত সময়ের মধ্যে টেন্ডার কমিটির চেয়ারম্যান অথবা সদস্য সচিবের স্বাক্ষর গ্রহণপূর্বক হস্তান্তর করতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। টেন্ডারের নমুনা অফেরৎযোগ্য।

০৬। আংশিক ডেলিভারি ও আংশিক পেমেন্ট গ্রহণযোগ্য নয়।

০৭। যেকোন একটি আইটেমের বিপরীতে একটির বেশী দর/ নমুনা (যেখানে প্রযোজ্য) দেয়া যাবে না। চাহিদা অনুযায়ী প্রযোজ্য নমুনা প্রদান না করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। ক্রয়াদেশ অনুমোদনের পর ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট সরবরাহকারীকে ক্রয়াদেশের কপি প্রেরণ করা হবে এবং উল্লিখিত প্রেরণের তারিখ হতে সরবরাহ সময় গণিত হবে। সরবরাহকারী নিজ দায়িত্বে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ক্রয়াদেশের মূল কপি স্থানীয় ক্রয় শাখা হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করবেন।

১০। অর্পিত দরপত্র সিডিউল/ক্রয়াদেশে বর্ণিত সরবরাহসূচী ও শর্তাবলী মোতাবেক মালামাল সরবরাহ না করে বিলম্বে সরবরাহ করলে ক্রয়াদেশের শর্ত মোতাবেক বিল হতে LD Charge কর্তন করা হবে। নির্ধারিত সরবরাহসূচীর ০২ মাসের বেশী বিলম্ব হলে অর্থ্যাৎ ০২ মাসের পরবর্তী মাসে ২৫% হারে জরিমানা কর্তন করে ক্রয়াদেশ বাতিল করা হবে।

১১। ক্রয়াদেশ প্রাপ্ত দরদাতা মালামাল সরবরাহে ব্যর্থ হলে ক্রয়াদেশের মোট মূল্যের উপর ২৫% হারে জরিমানা নির্ধারণ করা হবে। উক্ত জরিমানার অর্থ সরবরাহকারী কর্তৃক পে-অর্ডার/সি.আর. এর মাধ্যমে বিমানের অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বাজেয়াপ্ত করা হবে।

১২। মালামাল সরবরাহের সময় চালান দাখিলের ক্ষেত্রে সরবরাহকারী তার প্রতিষ্ঠানের ০২ কপি মূল লেটার হেড প্যাডে মালামালের বিবরন (মালামালের নাম, সংখ্যা, প্যাকেটের সংখ্যা ইত্যাদি) উল্লেখকরতঃ 'ব্যবস্থাপক (বাণিজ্যিক সম্ভার), প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিকস্ সাপোর্ট পরিদপ্তর, বিমান, হযরত শাহজালাল আন্তঃর্জাতিক বিমান বন্দর, ঢাকা' বরাবর দাখিল করবেন। বিল দাখিলের ক্ষেত্রে সরবরাহকারী তার প্রতিষ্ঠানের ০৩ কপি মূল লেটার হেড প্যাডে মালামালের বিবরন (মালামালের নাম, সংখ্যা, অংকে ও কথায় মূল্য) উল্লেখকরতঃ 'মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) অথবা সহকারী ব্যবস্থাপক (স্থানীয় ক্রয়), প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিকস্ সাপোর্ট পরিদপ্তর, বিমান, হযরত শাহজালাল আন্তঃর্জাতিক বিমান বন্দর, ঢাকা' বরাবর দাখিল করবেন। হাতে লেখা কোন চালান বা বিল গ্রহণযোগ্য হবে না।

১৩। উপরোক্ত শর্তাবলী পড়ে ও দরপত্রের সকল অংশ যথাযথভাবে পূরণ করে দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ কর্তৃপক্ষ দ্রব্যের পরিমাণ বৃদ্ধি বা হ্রাস, সকল বা যে কোন দরপত্র গ্রহণ অথবা প্রত্যাখ্যানসহ সকল প্রকার অধিকার সংরক্ষণ করেন।

তালিকাভুক্তির ক্ষেত্রে দরপত্রের শর্তাবলী :-

০১। আবেদনকারী প্রতিষ্ঠানের অবশ্যই নিজস্ব অফিস, নিজস্ব টেলিফোন/যোগাযোগ নং ও E-mail Address থাকতে হবে।

০২। আবেদনকারী প্রতিষ্ঠানের নিম্নে বর্ণিত সকল কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি অবশ্যই তালিকাভুক্তির দরপত্রের সাথে দাখিল করতে হবে:-

(i) Attested photocopy of valid trade license of current year.
(ii) Attested photocopy of current year Income Tax return.
(iii) Attested photocopy of up-to-date (i.e. having 11 digits) valid VAT Registration Certificate or BIN Certificate.
(iv) Attested photocopy of Proprietorship/Partnership Deed/Memorandum of Association/Certificate of In-corporation.

০৩। তালিকাভুক্তির সিডিউল দাখিলের সময় ক্রয়কৃত মূল সিডিউল ও মূল সি.আর. কপি (Cash Receipt) শর্ত নং-২ এ উল্লেখ্য কাগজপত্র সমেত প্রতিটি পাতায় আবেদনকারী প্রতিষ্ঠানের স্বাক্ষর, সীল ও পাতা নম্বর সহ জমা দিতে হবে।

০৪। স্বাক্ষরদাতা যদি কোন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি হন তাহলে দরখাস্তের সাথে অবশ্যই প্রাধিকার পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৫। যে সকল প্রতিষ্ঠান প্রকিউরমেন্ট এন্ড লজিষ্টিক সাপোর্ট পরিদপ্তর, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকায় তালিকাভুক্ত আছেন তাদেরকেও তালিকাভুক্তির জন্য সিডিউল ক্রয় করতে হবে।

০৬। নির্বাচিত তালিকাভুক্তি প্রতিষ্ঠানকে পত্র দেওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে "বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ" এর অনুকূলে নগদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা (বিমান কর্তৃপক্ষ উক্ত টাকার পরিমাণ বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে) বিমান হিসাব শাখায় (ক্যাশ এন্ড ব্যাংকিং) জমা দিয়ে সি.আর. এর মূলকপি স্থানীয় ক্রয় শাখায় জমা দিতে হবে যা সাফল্যজনকভাবে ব্যবসার নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পর কোন প্রকার সুদ ব্যতিরেকে ফেরত দেওয়া হবে।

০৭। চুড়ান্ত তালিকাভুক্তির পর প্রকিউরমেন্ট এন্ড লজিষ্টিকস্ সাপোর্ট পরিদপ্তরের স্থানীয় ক্রয় শাখা হতে কোন প্রকার তথ্য প্রদান ব্যতিরেকেই নিজ নিজ দায়িত্বে সিডিউল সংগ্রহ পূর্বক নির্ধারিত তারিখে দরপত্র প্রদান করতে হবে।

০৮। তালিকাভুক্তির পর যে কোন সরবরাহকারী পর পর ০৩ (তিন)টি নির্ধারিত তারিখের দরপত্রে অংশগ্রহনে বিরত থাকলে কর্তৃপক্ষ কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে যে কোন প্রকার সিদ্ধান্ত গৃহীত হতে পারে।

০৯। অর্পিত দরপত্র সিডিউল/ক্রয়াদেশে বর্ণিত সরবরাহসূচী ও শর্তাবলী মোতাবেক মালামাল সরবরাহ না করে বিলম্বে সরবরাহ করলে ক্রয়াদেশের শর্ত মোতাবেক বিল হতে LD Charge কর্তন করা হবে। নির্ধারিত সরবরাহসূচীর ০২ মাসের বেশী বিলম্ব হলে অর্থ্যাৎ ০২ মাসের পরবর্তী মাসে ২৫% হারে জরিমানা কর্তন করে ক্রয়াদেশ বাতিল করা হবে।

১০। ক্রয়াদেশ প্রাপ্ত অথবা সফল দরদাতা মালামাল সরবরাহে ব্যর্থ হলে ক্রয়াদেশের মোট মূল্যের উপর ২৫% হারে জরিমানা নির্ধারণ করা হবে। উক্ত জরিমানার অর্থ সরবরাহকারী কর্তৃক পে-অর্ডার/সি.আর. এর মাধ্যমে বিমানের অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হতে বাজেয়াপ্তকৃত টাকা কর্তন করা হবে এবং তালিকাভুক্ত সরবরাহকারী হিসাবে অন্তর্ভুক্ত থাকতে হলে উক্ত সরবরাহকারীকে বাজেয়াপ্তকৃত টাকা পুনর্ভরন করতঃ ১,০০,০০০/- টাকা (এক লক্ষ) পুনরায় জমা রাখতে হবে।

১১। ক্রয়াদেশ প্রাপ্তির পর নির্ধারিত সরবরাহসূচী মোতাবেক কোন কোন ক্ষেত্রে অনুমোদিত নমুনা মোতাবেক মালামাল সরবরাহে ব্যর্থ হলে জমাকৃত জামানতের টাকার অংশবিশেষ অথবা সম্পূর্ণ টাকাই বাজেয়াপ্ত করা হবে।

১২। আবেদনকারীর দোকান/অফিস, টেলিফোন, কর্মচারীর সংখ্যা, বাৎসরিক কাজ-কর্মের আর্থিক স্বচ্ছলতা ও প্রাতিষ্ঠানিক অবস্থানের সুবিধাদি ইত্যাদি বিবেচনা পূর্বক সন্তোষজনক বিবেচিত হলে বিমান কর্তৃপক্ষ আবেদনকারীকে তালিকাভুক্তি হিসাবে অনুমোদন করবেন।

১৩। তালিকাভুক্তির সিডিউল মহাব্যবস্থাপক (ক্রয়), প্রকিউরমেন্ট এন্ড লজিষ্টিকস্ সাপোর্ট পরিদপ্তর, বিমান, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর বরাবরে পরিদপ্তরের ক) স্থানীয় ক্রয় শাখা, বিমান প্রশাসনিক ভবন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এবং খ) বিমান বলাকা ভবন (নীচ তলা), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে আগামী ২৪/১০/২০১৯খৃ: তারিখে সকাল ০৯০০ ঘটিকা হতে ১১০০ ঘটিকা (বাংলাদেশ স্থানীয় সময়) পর্যন্ত গৃহিত হবে এবং ঐ দিনই বেলা ১৪০০ ঘটিকায় স্থানীয় ক্রয় শাখা, প্রকিউরমেন্ট এন্ড লজিষ্টিকস্ সাপোর্ট, বিমান প্রশাসনিক ভবন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকায় উপস্থিত আবেদনকারী প্রতিষ্ঠান অথবা তাদের নিযুক্ত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। বাক্স বন্ধ হওয়ার পর কোন আবেদনপত্র/দরখাস্ত গ্রহনযোগ্য হিসাবে বিবেচিত হবে না।

১৪। উপরোক্ত শর্তাবলী ও নিম্নের অংশটি যথাযথ পূরণ করে দরখাস্ত দাখিল করতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। কোন রকম ভুল তথ্য পরিবেশন অথবা জাল ডকুমেন্ট দাখিল প্রমানিত হলে জামানতের টাকা বাজেয়াপ্তসহ বিমানের প্রচলিত বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ কর্তৃপক্ষ সকল বা যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিলসহ সকল অধিকার সংরক্ষণ করেন।

১৬। দরখাস্ত/সিডিউল সম্পর্কে কোন কিছু জানার প্রয়োজনে সহকারী ব্যবস্থাপক প্রকিউরমেন্ট (স্থানীয় ক্রয়) এর সাথে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন (টেলিফোন নং- ৮৯০১৩২৫)।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি: এর পক্ষে

(ইকবাল আহম্মেদ আলী জা)
মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট)
প্রকিউরমেন্ট এন্ড লজিষ্টিক সাপোর্ট পরিদপ্তর

আমি ________________________________ মেসার্স ________________________________

স্বত্তাধিকারী/মালিক/নির্বাচিত প্রতিনিধি এই মর্মে অংগীকার করছি যে, এই সিডিউলের সকল শর্ত আমি/আমরা সম্পূর্ণ মেনে আবেদন/দরখাস্ত দাখিল করিলাম।

স্বাক্ষর ঃ ________________________

তারিখ ঃ ________________________

সীলমোহর ঃ

যোগাযোগ/মোবাইল নং ঃ ________________________

ঠিকানা ঃ ________________________

____

ই-মেইল ঃ ________________________